# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৬৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفصْلُ الثَّالِثُ ـ (بَابُ فَضْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ يُحِبُّ عَبْدَهُ الْمُؤْمِنَ الْفَقِيرَ الْمُتَعَفِّفَ أَبَا الْعِيَالِ» . رَوَاهُ ابْن مَاجَه

اسناده ضعيف ، رواه ابن ماجه (4121) * فيه موسى بن عبيدة ضعيف و القاسم بن مهران لم يثبت سماعه من عمران و فيه علة أخرى وله شاهد ضعيف جدًا ـ
(ضَعِيف)

বাংলা

৫২৬৫-[৩৫] ’ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ তা’আলা তাঁর ঈমানদার, গরীব, পরিবারের বোঝা বহনকারী, অবৈধ উপায় থেকে মুক্ত- এমন বান্দাকে ভালোবাসেন। (ইবনু মাজাহ)

ফুটনোট

যঈফ : ইবনু মাজাহ ৪১২১, য'ঈফুল জামি ১৭২২, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১৫০১১। হাদীসটির সনদের ব্যাপারে উকায়লী বলেন, “ইমরান ইবনু হুসায়ন থেকে কসিম ইবনু মিহরান-এর শোনার বিষয়টি প্রমাণিত নয়। আর তার থেকে মূসা ইবনু উবায়দাহ বর্ণনা করেছেন, আর সে মাতরূক। দেখুন- য'ঈফাহ্ ৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যা : অত্র হাদীসের ব্যাখ্যা নিষ্প্রয়োজন। আল্লামাহ্ মুল্লা ‘আলী আল ক্বারী (রহিমাহুল্লাহ)-এর ব্যাখ্যা করতে গিয়ে

লিখেছেন : (الْمَعْنٰى أَنَّهٗ مَعَ كَوْحِبَ الْعِيَالِ وَفَقِيرَ الْحَالِ وَكَسِيرَ الْبَالِ تَعَفَّفَ عَنِ السُّؤَالِ،فَهُوَ الْمُؤْمِنُ عَلٰى وَجْهِ الْكَمَلِ، فَلِذَاأَحَبَّهٗ ذُوالْجَلَالِ وَالْجَمَالِ) ‘দরিদ্র মুমিন বান্দার” অর্থ হলো দরিদ্রতার সাথে সাথে সে অধিক পোষ্যের অধিকারী, ফকীরী হালাত ও ভগ্ন জীবন, কিন্তু অপরের নিকট কিছু চাওয়া থেকে মুক্ত থাকে, সেই হলো পূর্ণমাত্রায় মু'মিন। এজন্য আল্লাহু যুল জালাল ওয়াল জামাল তাকে ভালোবাসেন। (মিরক্বাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২০ পৃ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85244

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন